ভোরের কাগজ

তারিখ ... MAR 02 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

৪৫

# ছবি পাল্টে পরীক্ষা দেওয়ার চেষ্টা

## পাঁচজনকে শাস্তির সুপারিশ

সৈয়দ নুরুর রহমান, কুমিল্লা থেকে : ছবি জালিয়াতির মাধ্যমে ভুয়া পরীক্ষার্থীকে দিয়ে এসএসসি পরীক্ষা দেওয়ার একটি চেষ্টা ধরা পড়েছে। গত মঙ্গলবার কুমিল্লা শিক্ষাবোর্ড এই পাঁচজন ভুয়া পরীক্ষার্থীকে শনাক্ত করে শাস্তিমূলক ব্যবস্থার সুপারিশ করেছে। শিক্ষাবোর্ড সূত্র জানায়, কুমিল্লার চৌদ্দগ্রাম থানার আলকরা হাফিজুল ইসলাম চৌধুরী উচ্চ বিদ্যালয়ের পাঁচজন এসএসসি পরীক্ষার্থীর দাখিলকৃত রেজিস্ট্রেশন কার্ড ও দাখিলা ফরমে দুধরনের ছবি দেখে জালিয়াতির বিষয়টি ধরা পড়ে। বিদ্যালয়ের পাঁচজন ছাত্র নবম শ্রেণীতে রেজিস্ট্রেশন কার্ডে নিজেদের ছবি জমা দিলেও পরীক্ষাপূর্ব দাখিলা ফরমে নিজ ছবি পরিবর্তন করে অন্য ব্যক্তিদের ছবি সংযোজন করে। প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে ভুয়া পরীক্ষার্থীর মাধ্যমে আজ থেকে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য এই জালিয়াতি করা হয়।

গত মঙ্গলবার এ ধরনের পাঁচজন পরীক্ষার্থীকে শনাক্ত করে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য ৩ দিনের সময় দিয়ে আলকরা হাফিজুল ইসলাম চৌধুরী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষককে নির্দেশ দিয়েছেন। অন্যথায় এ সকল পরীক্ষার্থীর বিরুদ্ধে বোর্ড একতরফাভাবে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে বলে পত্র দেওয়া হয়।

অভিযুক্ত ৫ পরীক্ষার্থী হচ্ছে মোবারক হোসেন পিতা আ: তাহের, শহীদ উল্লা পিতা মৃত নূর আহাম্মদ, লিটন চন্দ্র বণিক পিতা কিরণ চন্দ্র বণিক, নাসরিন আক্তার পিতা হাজী নুরুল ইসলাম, রৌশন আরা পিতা সেকান্দর আলী মজুমদার। উল্লেখ্য, কুমিল্লা শিক্ষাবোর্ডে কম্পিউটারাইজড পরীক্ষা পদ্ধতি চালু হওয়ার পর এবারই প্রথম এ ধরনের জালিয়াতির ঘটনা ধরা পড়েছে।